

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিবির চক্র মরিয়া : রেল
লাইনের ফিশপ্লেট খুলে
হরতাল ডেকে ত্রাস সৃষ্টি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে বিতাড়িত শিবির মরিয়া হয়ে উঠেছে। তারা আজ চট্টগ্রামে হরতাল ডেকেছে। ছাত্র শিবিরকর্মীরা গতকাল বুধবারও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রতিপক্ষের কর্মীদের উপর চোরাগোষ্ঠা হামলা এবং কক্ষ ভাঙচুর করেছে। শিবির আহুত সর্বাঙ্গিক অবরোধও ক্যাম্পাসে পালিত হয়নি। সকল প্রশাসনিক কাজকর্ম যথারীতি চলেছে।

শিবিরকর্মীরা আগের রাতে নগরীর বিবিরহাট এলাকায় বিশ্ববিদ্যালয়মুখী রেল লাইনের ফিশপ্লেট খুলে ফেললে সকাল থেকে টেন চলাচল বন্ধ ছিল। সকাল ১০টায় রেল কর্তৃপক্ষ তা পুনঃস্থাপনের পর একটিমাত্র শাটল টেন বিশ্ববিদ্যালয়ে যাওয়া-আসা করেছে। সকাল পৌনে ৮টায়

শিবির ক্যাডাররা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বহনকারী একটি বাসকে (চট্টগ্রাম জ-৫২৩) চট্টগ্রাম কলেজের কাছে আটক করে তাতে ব্যাপক ভাঙচুর ও শিক্ষকদের নাজেহাল করে।

শিবিরকর্মীরা এফআর হলে হামলা চালিয়ে ছাত্রলীগ নেতা অনিবার্ণ চাকমাকে মারধর করে ও ছাত্রদল নেতা রফিকের কক্ষ তছনছ করে। এ নিয়ে ক্যাম্পাসে সামান্য ধাওয়া-পাল্টা ধাওয়া হলেও প্রচুরসংখ্যক পুলিশের উপস্থিতিতে তা বেশিক্ষণ স্থায়ী হয়নি।

ছাত্র শিবির আজ বৃহস্পতিবার চট্টগ্রামে অর্ধদিবস হরতাল আহ্বান করেছে। এই উপলক্ষে বিভিন্ন জায়গা থেকে শিবির ক্যাডাররা এসে চট্টগ্রাম কলেজ, মহসিন কলেজ ও আলীয়া মাদ্রাসা ক্যাম্পাসে জড়ো হয়েছে বলে জানা গেছে।